

সাক্ষাৎকার

বাংলা সাহিত্যের উন্নয়নে ভূমিকা রাখছে বইমেলা

লেখক আমিনুর রহমান সুলতান

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা , সোমবার, ১১ ফেব্রুয়ারী ২০১৯



প্রতিবছর বইমেলা উপলক্ষে বই প্রকাশের সংখ্যা বাড়ছে। একই সঙ্গে বাড়ছে লেখক, কবি ও প্রকাশকের সংখ্যা। বড় হচ্ছে বাংলা সাহিত্যের বাজার। সারা বছর যত বই প্রকাশ হয়, তার চেয়ে বেশি প্রকাশ হয় বইমেলা উপলক্ষে। লেখক আমিনুর রহমান সুলতান মনে করেন,

এভাবে বাংলা সাহিত্যের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে অমর একুশে বইমেলা। চলতি বছর বইমেলা ও তার সাহিত্য জীবন নিয়ে কথা হলো তার সঙ্গে।

সংবাদ : বইমেলায় শুরুটা কেমন হলো?

আমিনুর রহমান সুলতান : এবার বইমেলায় শুরুটা খুবই ভালো হয়েছে। মেলার শুরুর দিন থেকেই উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। মেলার পরিসরও বেড়েছে। একই সঙ্গে বেড়েছে

মেলায় সার্বিক ব্যবস্থাপনার মান। যেমন এবার মেলা প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন। ওয়াশরুম, খাবার পানির ব্যবস্থা ও লেখক প্রকাশকদের সমন্বয়টা খুবই ভালো করা হয়েছে। এবারের মেলা আয়োজন খুবই ভালো।

সংবাদ : এবার আপনার বই কয়টি আসছে?

আমিনুর রহমান সুলতান : এবার আমার দুটি বই ও একটি সংকলন আসছে।

সংবাদ : বর্তমান সময়ের পাঠক কোন ধরনের বইয়ের প্রতি ঝুঁকছে বলে আপনার মনে হয়?

আমিনুর রহমান সুলতান : এক সময় শরৎ সাহিত্য দাপটের সঙ্গে চলেছে। সেই সময়ের প্রতিনিধিত্ব করেছে। বর্তমানে হুমায়ূন আহমেদের বই ভালো চলছে। তবে মহাকাল কোন কবি বা লেখককে সঙ্গে নিবে তা বলা কঠিন। তবে কিছু সাহিত্য আছে যেগুলোর আবেদন সব সময় থাকবে। যেমন মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যের আবেদন তখন যেমন ছিল এখনও তেমন আছে। আমরা যত যায়ই বলি না কেন, পাঠক কিন্তু ভালো সাহিত্যই খুঁজে নিবে।

সংবাদ : আপনার দৃষ্টিতে বর্তমান বাংলা সাহিত্যের অবস্থা কেমন?

আমিনুর রহমান সুলতান : সাহিত্য সময়ের প্রতিনিধিত্ব করে। যেমন মা নিয়ে বিশ্বে নানান বই রয়েছে। বাংলাদেশেও মা নিয়ে কয়েকটি বই রয়েছে। এরমধ্যে আনিসুল হকের মা এক অনন্য উচ্চতায় পৌঁছেছে। এখন অনেক পাঠক আজাদের মায়ের জন্য অশ্রু ঝরায়। আমার

দৃষ্টিতে মনে হয়, বর্তমান সাহিত্যের অবস্থা খুবই ভালো এবং এটা দিন দিন আরও ভালো হচ্ছে।

সংবাদ : বর্তমান সময়ের প্রকাশকদের নিয়ে আপনার মূল্যায়ন কি?

আমিনুর রহমান সুলতান : প্রকাশনা এক ধরনের ব্যবসা (বিজনেস)। সুতরাং প্রকাশকদের মধ্যে বাণিজ্যিক ধ্যান-ধারণাটা থাকবে এটা স্বাভাবিক। তারপরও আমার মনে হয়, প্রতিটি প্রকাশনা সংস্থার শক্তিশালী সম্পাদনা পরিষদ থাকা উচিত যারা পানুডলিপির মান যাচাই করবে।

সংবাদ : বাংলা সাহিত্যের উন্নয়নে বইমেলা কতটা ভূমিকা রাখছে?

আমিনুর রহমান সুলতান : আমি মনে করি, সাহিত্যের উন্নয়নে অমর একুশে গ্রন্থমেলা যথেষ্ট ভূমিকা রাখছে। সারা বছর যতগুলো বই প্রকাশ হয়, তার চেয়ে বেশি বই প্রকাশ হয় এই বইমেলা উপলক্ষে। অর্থাৎ বইমেলা একটি পরোক্ষ ভূমিকা রাখছে সাহিত্যের উন্নয়নে। যেমন ফেব্রুয়ারিতে যখন বইমেলা শুরু হয়, তখন এই বইমেলাকে কেন্দ্র করে দেশের বিভিন্ন জেলাশহরেও বইমেলা শুরু হয়। এই বইমেলা না হলে হয়তো তারাও বইমেলা করার কথা ভাবতেন না। এভাবে বইমেলা সাহিত্যের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।